দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 24 OCT 1988
পৃষ্ঠা 6 কলাম 7

018

## ফ্যাসিলিটিজ বিভাগ বরিশালে ১১টি প্রকল্প বাস্তবায়িত করবে

বরিশাল, ২২শে অক্টোবর (বাসস)।— শিক্ষা মন্ত্রণালয়ের ফ্যাসিলিটিজ বিভাগ চলতি অর্থবছরে বরিশাল শিক্ষা জোনের আওতাভুক্ত ৮টি জেলায় ১ কোটি ১৭ লাখ ১২ হাজার টাকার ১১টি শিক্ষা প্রকল্প বাস্তবায়িত করবে।

এ কর্মসূচীর আওতাভুক্ত জেলাগুলো হচ্ছে গোপালগঞ্জ, শরীয়তপুর, ভোলা, পিরোজপুর, ঝালকাঠি, বরগুনা, পটুয়াখালী ও মাদারীপুর।

সরকারী সূত্র জানায়, প্রকল্পগুলোর মধ্যে রয়েছে— শ্রেণী কক্ষের আয়তন বৃদ্ধি, মেরামত ও সংস্কারমূলক কাজ, পানি সরবরাহ, স্বাস্থ্য রক্ষা ও বিদ্যুতায়ন কাজ।

মোট বরাদ্দের মধ্যে ভোলা ১৫ লাখ ৭৭ হাজার, পটুয়াখালী ৪১ লাখ ৮৩ হাজার, গোপালগঞ্জ ২ লাখ, শরীয়তপুর ২৪ লাখ ৯১ হাজার, বরগুনা ২ লাখ ৯৬ হাজার, ঝালকাঠি ২ লাখ, পিরোজপুর দেড় লাখ এবং মাদারীপুর জেলায় ১৩ লাখ ৪৯ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে।

সূত্রটি জানায়, শিগগিরই প্রকল্পসমূহের কাজ শুরু হবে এবং মার্চ '৮৯ সময়ের মধ্যে শেষ করা হবে।